

মানবজমিন

বৃহস্পতিবার

১৩ই জুলাই ২০২৩



২০২৩ সালে টাইমস হায়ার এডুকেশন ইয়ং ইউনিভার্সিটির  
র‍্যাংকিংয়ে এনএসইউ বাংলাদেশের একমাত্র বিশ্ববিদ্যালয়

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ২০২৩ সালে টাইমস হায়ার এডুকেশন  
(টিএইচই) ইয়ং ইউনিভার্সিটি র‍্যাংকিংয়ে বাংলাদেশের একমাত্র

বিশ্ববিদ্যালয় হিসেবে অন্তর্ভুক্ত হয়েছে। ইয়ং ইউনিভার্সিটি  
র‍্যাংকিংয়ে ৫০ বছর বা তার চেয়ে কম বয়সী বিশ্বের সেরা  
বিশ্ববিদ্যালয়গুলো অন্তর্ভুক্ত। গত ৩রা জুলাই বিশ্বব্যাপী এই  
র‍্যাংকিং প্রকাশিত হয়। এ বছরের র‍্যাংকিংয়ে

বিশ্ববিদ্যালয়গুলোর বিভিন্ন বিষয়, যেমন: শিক্ষাদান,  
গবেষণা, জ্ঞান স্থানান্তর এবং আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গির ১৩টি  
সূচক ব্যবহৃত হয়েছে। ২০২৩ সালের ইয়ং ইউনিভার্সিটি

র‍্যাংকিংয়ে বাংলাদেশের ১১টি বিশ্ববিদ্যালয় তথ্য সরবরাহ করে। বিশ্বের ৬০৫টি  
তরুণ বিশ্ববিদ্যালয়ের মধ্যে বাংলাদেশ থেকে শুধুমাত্র এনএসইউ ২০১-২৫০

ব্যাণ্ডে র‍্যাংকিংয়ে অন্তর্ভুক্ত হওয়ার যোগ্যতার মানদণ্ড পূরণ করেছে। এই অনন্য  
কৃতিত্ব অর্জনের জন্য এনএসইউ পরিবারকে অভিনন্দন জানিয়ে এনএসইউ

উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় ও  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সহায়তার কথা উল্লেখ করেন। বিজ্ঞপ্তি

